একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
একনেক শাখা-১
শেরে বাংলা নগর, ঢাকা।

অতি জরুরি
বিশেষ বাহক মারফত

স্মারক : ২০.০০.০০০০.৪১১.০১৪.১০১.২৬.৫৪০

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : **বিগত ২২.০৭.২০২৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণ।**

সূত্র : একনেক সভার কার্যবিবরণী নম্বর- ২০.০০.০০০০.৪১২.০৬.০৮১.২৬.৪৬, তারিখ: ০৩.০৮.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২২.০৭.২০২৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক সম্পূর্ণ জিওবি অনুদানে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ ও কর্মসংস্থান" শীর্ষক প্রকল্পটির আলোচনান্তে অন্যান্য বিষয়ের সাথে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

**সিদ্ধান্ত-৬.২ :**

৬.২.৩ মোটরসাইকেল এবং কম্পিউটার ক্রয়ের ব্যয় যৌক্তিকীকরণ করতে হবে এবং মোটরসাইকেল ক্রয়ের ক্ষেত্রে দেশে তৈরি বা এসেম্বলকৃত মোটরসাইকেলকে প্রাধান্য দিতে হবে।

৬.২.৪ প্রতিটি প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন, কম্পিউটার ও অন্যান্য সম্পদের একটি পূর্ণাঙ্গ ইনভেনটরি প্রস্তুত করতে হবে। প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ি এবং অন্যান্য মূল্যবান সামগ্রী স্টকটেকিং করে মন্ত্রণালয়/বিভাগের আওতায় একটি ডিজিটাল ডাটাবেইজ তৈরি করতে হবে। যে সকল মালামাল ব্যবহারযোগ্য তা যথাসম্ভব নতুন প্রকল্পে ব্যবহার করতে হবে এবং ব্যবহার অনুপযোগী মালামাল তা নিলামে বিক্রয়ের ব্যবস্থা করতে হবে।

৬.২.৫ প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়িসমূহের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয় প্রতিবছর নিয়মিত হালনাগাদ করে তথ্য প্রদান করবে।

৬.২.৬ জনপ্রশাসন মন্ত্রণালয় অব্যবহৃত যানবাহনসমূহ নিয়মিত নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

০২। এমতাবস্থায়, একনেক সভার উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মিঠা তালুকদার)
উপসচিব
ফোন: ৯১৮০৮৮৩

**বিতরণ:**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ...................................................... মন্ত্রণালয়/বিভাগ।

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
কর্মীব্যবস্থাপনা শাখা, প্রশাসন বিভাগ
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ই-মেইল : diradmin@bscic.gov.bd, ওয়েবসাইট : www.bscic.gov.bd

স্মারক নং-৩৬.০২.০০০০.০০৩.১৮.০৪০.২৫/ ৫৬৩৫

তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। পরিচালক (সকল), বিসিক, ঢাকা;
০২। আঞ্চলিক পরিচালক, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা;
০৩। অধ্যক্ষ, বিসিক ট্রেনিং ইনস্টিটিউট (বিটিআই), উত্তরা, ঢাকা;
০৪। মহাব্যবস্থাপক (সকল), বিসিক, ঢাকা;
০৫। নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ বিভাগ, বিসিক, ঢাকা;
০৬। সকল বিভাগ/শাখা/সেল প্রধান, বিসিক প্রধান কার্যালয়, ঢাকা;
০৭। প্রধান নকশাবিদ, নকশা কেন্দ্র, বিসিক, ঢাকা;
০৮। বিসিক জেলা কার্যালয় প্রধান (সকল);
০৯। উপমহাব্যবস্থাপক, লবণ শিল্পের উন্নয়ন কার্যালয়, বিসিক, কক্সবাজার;
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, বিসিক, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য);
১১। শিল্পনগরী কর্মকর্তা, বিসিক শিল্পনগরী কার্যালয় (সকল);
১২। সহকারী প্রকৌশলী, বিসিক, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র (সকল);
১৩। চেয়ারম্যানের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৪। অফিস কপি।

৩/৯/২০২৬

মুহম্মদ কামরুজ্জামান
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)